



গ্যালারিতে বিপ্লব

রক্ষণশীল দেশ হিসেবে পরিচিত ইরান। সেদেশে গ্যালারিতে বসে মহিলাদের খেলা দেখার অনুমতি নেই। কিন্তু রাশিয়ায় কোনও বাধা নেই। গ্যালারিতে পশ্চিম পোশাকে কার্যত বিপ্লব ঘটিয়েছেন ইরানের মহিলা দর্শকরা। তাদের একজন পারিয়া। খেলা দেখার জন্য জেল খেটেছেন ইরানে। কিন্তু দমে যাননি। ফুটবল ভালোবাসেন। যে কোনও মূল্যে তা দেখতে রাজি। বয়স্কেন্ডের সাহায্য নিয়ে সোজা রাশিয়া, গ্যালারিতে বসে দলের হয়ে গলা ফাটানো।

হেরে বেঁচেছে জার্মানি!

গ্রুপ থেকেই ছিটকে গিয়েছে জার্মানি। সমর্থকরা হতাশ জোয়াকিম লো ব্রিগেডের ব্যর্থতায়। যদিও এতে নাকি অর্থনৈতিকভাবে লাভবান হয়েছে জার্মানি! জার্মান সংবাদপত্রের খবর, দলের খেলা থাকলে নির্দিষ্ট সময়ের আগে শ্রমিকরা কাজ ছেড়ে চলে যেত। ফলে উৎপাদনে ক্ষতি হয়েছে বিশাল অঙ্কের। শুধু দক্ষিণ কোরিয়া-জার্মানি ম্যাচে ২০০ মিলিয়ন ইউরো ক্ষতি হয়েছে। ছিটকে যাওয়ার আরও ক্ষতি থেকে রক্ষা।



কোকেন ভরা বিশ্বকাপ

রাউন্ড অফ সিঙ্গেলনেই স্বপ্নভঙ্গ লিয়োনেল মেসিদের। ফের চার বছরের অপেক্ষা। হতাশার মধ্যেই একঝাঁক বিশ্বকাপ ট্রফির খোঁজ মিলেছে আর্জেন্টিনায়। কাঙ্ক্ষিত বিশ্বকাপ নয়। কাপের রেপ্লিকা, যার মধ্যেই পাচার করা হচ্ছিল কোকেন। বিশ্বকাপ উন্মাদনাকে কাজে লাগিয়ে মাদক কারবাবারীরা কোকেন পাচার করছিল রেপ্লিকার মধ্যে। প্রতিটি ট্রফির মধ্যে মিলেছে দেড় কেজির মতো কোকেন ও গাঁজা।

রাশিয়া বিশ্বকাপ

মহামানবের মিলন মেলা। যথার্থ অর্থে বিশ্বকাপ মিলন মঞ্চ। হাসি-কান্না, সাফল্য-ব্যর্থতার অদ্ভুত সহবস্থান। হরেকরকম কিসসা, বিতর্ক, ঘটনার ঘনঘটাও। রাশিয়া বিশ্বকাপের অন্দরমহলে উঁকি মেরে, তারই তথ্যতালশে

সঞ্জীব কুমার দত্ত

ম্যাচের আগে কোরান

ম্যাচের আগে কোরান পড়ায় সমালোচনার শিকার তিউনিশিয়ার কোচ। ফুটবলে মনোসংযোগের বদলে ধর্মীয় ভাবাবেগ নিয়ে মুখ খুলেছেন সমালোচকরা। ফলাফল খারাপ হওয়ায় বিতর্কে যি পড়েছে। যদিও কোচ নাবিল মালুল সমালোচনা নিয়ে মাথা ঘামাতে নারাজ। পাল্টা তোপ যারা কোরান পড়ার বিরোধিতা করছেন, তাদের চিকিৎসা করানোর দরকার।

জার্সি চাইল রেফারি

রোনাল্ডোর ভক্তকূলের মধ্যে রয়েছেন বিশ্বকাপের দায়িত্বে থাকা এক রেফারিও। আর নিজের রোনাল্ডো-প্রেম লুকিয়েও রাখেননি। পোর্তুগাল-মরক্কোর ম্যাচের দায়িত্বে ছিলেন মার্ক গেগার। প্রথমার্ধের খেলা শেষের পর ফেরার পথে রোনাল্ডোর থেকে জার্সি চেয়ে বসেন। বিষয়টি যদিও ভালোভাবে নেয়নি মরক্কো। খেলার মাঝে দায়িত্ব প্রাপ্ত অফিশিয়ালের এ হেন রোনাল্ডো-প্রেমের প্রতিবাদ জানায় তারা।

প্লাস্টিক বল!

বলের উপর হালকা প্লাস্টিকের আন্তরণ।

খোলা জানালায়



ফুটপাত থেকে

স্বপ্ন মানুষকে তাড়া করে। ঘুমোতে দেয় না। যা আলি রেজাকে পৌঁছে দিয়েছে ফুটপাত থেকে বিশ্বসেরাদের মধ্যে। রোনাল্ডোর পেনাল্টি আটকে রীতিমতো তারকা খ্যাতি পাচ্ছেন রেজা।

গরিব পরিবারে জন্ম। পেট ভরানোর জন্য একসময় গাড়ি খোয়ামোচার কাজ করতেন। একদিন বাড়ি থেকে পালিয়ে তেহেরানে চলে যান। ছোটখাটো কাজের সঙ্গে সেখানে চলল ফুটবল। রাতে শুয়ে

থাকতেন ফুটবল ক্লাবের সামনের ফুটপাতে। অনেকে ভুল করে ভিক্ষাও দিয়েছেন। কিন্তু স্বপ্নটা হারিয়ে ফেলেননি। রাশিয়া বিশ্বকাপে রোনাল্ডোর পেনাল্টি বাঁচানোর গল্পটা তারই প্রমাণ।

আর সেই বল দিয়েই চলছে বিশ্বযুদ্ধ! প্লাস্টিক আন্তরণের জন্য বল গ্রিপ করতে সমস্যায় পড়ছেন গোলকিপাররা। একইসঙ্গে বল বাড়তি সুইং করছে। যা সামলাতে হিমশিম খেয়েছেন দি গিয়ার মতো তারকা গোলকিপার।

রেফারিদের পারিশ্রমিক!

বিশ্বের সবচেয়ে দামি ফুটবলার সামলানো রেফারিদের পারিশ্রমিক কত? অনেকের মনেই প্রশ্নটা থাকে। চলতি বিশ্বকাপে মোট ৩৬জন রেফারি দায়িত্বে রয়েছেন। সঙ্গে আছেন আরও ৬৩জন অফিশিয়াল। এককালীন ৭০ হাজার ডলার ছাড়াও রেফারিরা পাচ্ছেন ম্যাচ পিছু ৩ হাজার ডলার করে। সহকারী রেফারিরা পাবেন এককালীন ২৫ হাজার ডলারের সঙ্গে ম্যাচ পিছু ২ হাজার ডলার।



মুসার পেট্রোল পাম্প



আহমেদ মুসা। নামটার সঙ্গে অল্পবিস্তর পরিচিত ফুটবলপ্রেমীরা। আইসল্যান্ডের বিরুদ্ধে জোড়া গোলে নাইজেরিয়াকে স্বপ্ন দেখিয়েছিলেন। '১৪-র বিশ্বকাপেও আর্জেন্টিনার বিরুদ্ধে জোড়া গোল করেছিলেন লেস্টার সিটির এই তারকা। তারকা হতে গেলে বিশ্বকাপে গোল করো, বরাবরই এটা মেনে এসেছেন এবং করেও দেখিয়েছেন। নামবশ হলেও পুরোনো বন্ধু, দিনের কথা ভোলেননি। নিজের শহর কানোতে একটা আস্ত পেট্রোল পাম্প কিনে ফেলে, সেখানে বেকার বন্ধুদের চাকরি দিয়েছেন। রুশ ভাষায় নিজের নামে পাম্পের নাম রেখেছেন 'মাইসা'।